

বাংলাদেশ ব্যাংক

Website: www.bangladesh-bank.org
www.bangladeshbank.org.bd

প্রধান কার্যালয়
ডাকবাংলো নং-৩২৫
ঢাকা।

ডিপোজিট ইন্স্যুরেন্স ডিপার্টমেন্ট

সার্কুলার নং-ডিআইডি-০৩

তারিখঃ ০২ কার্তিক, ১৪১৯ বঙ্গাব্দ
১৭ অক্টোবর, ২০১২ খৃষ্টাব্দ

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

Deposit Insurance Systems বিষয়ে সচেতনতা বৃদ্ধি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ২৭ অক্টোবর, ১৯৯৬ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১১ এর প্রতি ব্যাংকসমূহের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

Deposit Insurance Systems এর মাধ্যমে ব্যাংকিং খাতে আমানতকারীদের আমানতের নিরাপত্তা বিধান, ঝুঁকি হ্রাস, আর্থিক খাতের শৃংখলা ও স্থিতিশীলতা সম্পর্কে জনসাধারণের সচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয়তা আবশ্যিক।

এতদুদ্দেশ্যে সংযুক্ত নমুনা অনুযায়ী উক্ত সিস্টেম্‌স সম্পর্কে আমানতকারীদের অবহিতের নিমিত্তে একটি প্রদর্শনী বোর্ড তৈরীপূর্বক তা আপনাদের প্রধান কার্যালয়সহ সব শাখায় সহজে দৃষ্টিগোচরীভূত স্থানে স্থাপনের জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

সংযুক্তিঃ ০১ (এক)

আপনাদের বিশ্বস্ত,

(খগেশ চন্দ্র দেবনাথ)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৯

E-mail: gm.did@bb.org.bd

আপনি জানেন
কি?

আপনার আমানত
বাংলাদেশ সরকার
কর্তৃক সুরক্ষিত !!!

‘ব্যাংক আমানত বীমা আইন ২০০০’ দ্বারা বাংলাদেশে
কার্যরত দেশী ও বিদেশী সব তফসিলি ব্যাংকে রক্ষিত
আমানতকারীগণের আমানত বীমাকৃত।

কোন তফসিলি ব্যাংক অবসায়িত হলে আমানতকারীগণের আমানত
বাংলাদেশ সরকার কর্তৃক গঠিত “আমানত বীমা ট্রাস্ট তহবিল” হতে
বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে প্রত্যেক আমানতকারীকে সর্বাধিক
একলক্ষ টাকা পর্যন্ত পাওনা পরিশোধ করা হবে।

“আমানত বীমা ট্রাস্ট তহবিল” বাংলাদেশ ব্যাংক কর্তৃক
পরিচালিত হচ্ছে।

আপনার মূল্যবান আমানত বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত
তফসিলি ব্যাংকে সঞ্চয় করুন ও নিরাপদ থাকুন।